

📃 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০:১০৫

া আরবি মূল আয়াত:

وَ يَسَلُّونَكَ عَنِ الجِبَالِ فَقُل يَنسِفُهَا رَبِّي نَسفًا ﴿١٠٥﴾

🗚 অনুবাদসমূহ:

আর তারা তোমাকে পাহাড় সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, 'আমার রব এগুলোকে সমূলে উৎপাটন করে বিক্ষিপ্ত করে দিবেন'। — আল-বায়ান

তারা তোমাকে পর্বতগুলো সম্পর্কে প্রশ্ন করে। বল, আমার প্রতিপালক সেগুলো সমূলে উৎপাটিত করবেন এবং ধূলির ন্যায় বিক্ষিপ্ত করবেন। — তাইসিরুল

তারা তোমাকে পর্বতসমূহ সম্পর্কে জিজ্ঞেস করছে, তুমি বলঃ আমার রাব্ব ওগুলিকে সমূলে উৎপাটন করে বিক্ষিপ্ত করে দিবেন। — মুজিবুর রহমান

And they ask you about the mountains, so say, "My Lord will blow them away with a blast. — Sahih International

১০৫. আর তারা আপনাকে পর্বতসমূহ সম্পর্কে জিজ্ঞেস করে। বলুন, আমার রব এগুলোকে সমূলে উৎপাটন করে বিক্ষিপ্ত করে দেবেন।

তাফসীরে জাকারিয়া

(১০৫) ওরা তোমাকে পর্বতসমূহ সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, 'আমার প্রতিপালক সে সবকে চূর্ণ-বিচূর্ণ করে উড়িয়ে দেবেন।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2453

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন